~~সাপ্তাহিক সংবাদ~~
আজকের কাগজ

তারিখ ... 07 AUG 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ২

১৪

রাঃ বিঃ শিক্ষক সমিতির নেতাদের সংবাদ সম্মেলন

# বর্তমান ভিসির পদত্যাগ ছাড়া কোনো বিকল্প নেই

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ঃ** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতারা বলেছেন, ঐ বিশ্ববিদ্যালয়কে ধ্বংসের হাত থেকে বাঁচাতে বর্তমান ভিসি ইউসুফ আলীর পদত্যাগ ছাড়া আর কোনো বিকল্প নেই। কারণ তাঁর পক্ষপাতমূলক আচরণ এবং সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করার মনোভাবই বিশ্ববিদ্যালয়কে আজ ধ্বংসের সামনে দাঁড় করিয়েছে। বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রেক্ষাপট দেশবাসীর সামনে তুলে ধরার জন্যে গত ৩০ জুলাই, বিকেলে শহরের বড়কুঠিস্থ বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষক নেতারা সুস্পষ্টভাবে বর্তমান ভিসির পদত্যাগ দাবি করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মুহম্মদ মিজানউদ্দিন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন শিক্ষক সমিতির সহসভাপতি প্রফেসর আব্দুল্লাহ আনছারী, যুগ্ম সাধারণ সম্পাদক সামসুদ্দিন ইলিয়াস, সদস্য প্রফেসর রশীদুল আলম ও প্রফেসর একেএম শাহাদাত হোসেন মণ্ডল। প্রফেসর মিজানউদ্দিন লিখিত বক্তব্যে বলেন, বর্তমান ভিসি নিয়োগ পাবার পর আমরা আশা করেছিলাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতির উন্নতি হবে এবং আমরা সাধারণ শিক্ষকরা সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দিয়েছিলো। কিন্তু তিনি নিয়োগপ্রাপ্ত হবার পর থেকে শিক্ষক নিয়োগ, কর্মকর্তা ও কর্মচারি নিয়োগে দলীয়করণ মনোভাব পোষণ করেন এবং বিভিন্ন সময়ে এডহক নিয়োগ দেন। বিভিন্ন সময়ে তার এডহক ভিত্তিতে দেয়া নিয়োগ যে দলীয় পক্ষপাতিত্বের ইংগিত তা প্রমাণিত হয়। সে সব নিয়োগের বিরুদ্ধে মাননীয় আদালতের একাধিক ইনজাংশনজারি থেকেই। লিখিত বক্তব্যে সাধারণ সম্পাদক বলেন, গত ৩০ মে বিশ্ববিদ্যালয় খোলার পর সন্ত্রাসী ইসলামী ছাত্র শিবির বিভিন্ন হলগুলো দীর্ঘদিন থেকে দখল করে থাকলেও এ ব্যাপারে ভিসি নীরব ছিলেন। সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয় বর্তমান ভিসি বিভিন্ন সময়ে সংগঠিত সন্ত্রাসের প্রেক্ষিতে গঠিত শাস্তি প্রদানকারী কমিটিগুলোকে অকার্যকর করে রাখেন এবং ছাত্রছাত্রীদের নিরাপত্তা বিধানের ক্ষেত্রে চরম অযোগ্যতার পরিচয় দেন। সংবাদ সম্মেলনে বলা হয় জামাতে ইসলামীর প্রেস আলফালাহ থেকে বিজ্ঞান-বাণিজ্য ও আইন অনুষদের প্রশ্ন ছাপানোকে কেন্দ্র করে সৃষ্ট জটিলতা নিরসনে বর্তমান ভিসি ব্যর্থ হওয়ায় হাজার হাজার ভর্তি পরীক্ষার্থীর ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয় যে, অবৈধ অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসীদের গ্রেফতার করতে বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসন যে সহযোগিতা করছে না সে অভিযোগ পুলিশও করেছে। লিখিত বক্তব্যে যথাযথ পদক্ষেপ নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে ধ্বংসের হাত থেকে বাঁচাতে সরকারসহ সকল রাজনৈতিক মহলের কাছে আহবান জানানো হয়।